দৈনিক ইত্তেফাক

তারিখ 30 JUN 1988

পৃষ্ঠা ... কলাম ...

## পথকলি মেডিক্যাল সেন্টার উদ্বোধন

পথকলিদের জন্য গতকাল (বৃহস্পতিবার) ছিল এক স্মরণীয় দিন। কারণ তাহাদের চিকিৎসার প্রয়োজন মিটানোর জন্য প্রেসিডেন্ট

(শেষ পৃ: ২-এর ক: দ্র:)

## পথকলি মেডিক্যাল

(১ম পৃ: পর)

এরশাদ গতকাল ফতুল্লায় পথকলি মেডিক্যাল সেন্টার আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করেন।

বাসস জানায়, ইতিপূর্বে প্রেসিডেন্ট এরশাদ এই এলাকা পরিদর্শনের সময় লক্ষ্য করেন যে, শ্রমজীবী এসব শিশু-কিশোরের হাতে ফোসকা পড়িয়া গিয়াছে, গা রোদে পোড়া ও চামড়ায় ফুসকুড়ি। তাহাদের এহেন দুর্দশা দেখিয়া তিনি অভিভূত হন এবং ইট ভাঙ্গার মত কঠিন কাজ করিয়া জীবিকা অর্জনকারী এসব অবহেলিত শিশু-কিশোরের সাহাযে আগাইয়া আসার জন্য বিত্তশালী সম্প্রদায়ের প্রতি আহ্বান জানান। তাঁহার এই আহ্বানে সাড়া দিয়া এলাকার শিল্পপতি হাফেজ মুখতার পথকলিদের জন্য দেশের প্রথম মেডিক্যাল সেন্টারটি নির্মাণ করিয়া দেওয়ার আশ্বাস দেন। প্রেসিডেন্টের নির্দেশে আড়াই সপ্তাহের মধ্যে পথকলি মেডিক্যাল সেন্টারের ভবনটি কার্যোপযোগী করা হয়।

প্রেসিডেন্ট এরশাদ ফলক উন্মোচন করিয়া আনুষ্ঠানিকভাবে পথকলি মেডিক্যাল সেন্টার উদ্বোধন করেন। এ উপলক্ষে মোনাজাত করা হয়। তিনি কেন্দ্রটি ঘুরিয়া দেখেন এবং সেখানে রোগীদের চিকিৎসার সুবিধাদি প্রত্যক্ষ করেন। সেখানে চিকিৎসকের জন্য অপেক্ষমান শিশু-কিশোর ও তাহাদের মায়েদের সঙ্গেও প্রেসিডেন্ট কথা বলেন। প্রেসিডেন্টকে তাহাদের মধ্যে পাইয়া তাহারা দৃশ্যত: আবেগাপ্লুত হইয়া পড়ে এবং তাহাদের কল্যাণের জন্য ব্যক্তিগতভাবে উদ্যোগ নেওয়ায় কৃতজ্ঞতা জ্ঞাপন করে। প্রেসিডেন্ট ফতুল্লার নিকট এই ধরনের আরেকটি মেডিক্যাল সেন্টার খোলার প্রয়োজনীয়তার উপর গুরুত্বারোপ করিয়া অবহেলিত শিশু-কিশোরদের সাহায্যে আগাইয়া আসার জন্য বিত্তবানদের প্রতি পুনরায় আহ্বান জানান।

ঢাকা পৌর কর্পোরেশনের প্রশাসক এম, এ, মালেক এমপি, ফতুল্লার নিকট পথকলি মেডিক্যাল সেন্টার-২ তাঁহার ব্যক্তিগত সামর্থ্যে নির্মাণ করিয়া দেওয়ার তাৎক্ষণিক ঘোষণা প্রদান করেন। প্রেসিডেন্টের এই আহ্বানে আরও অনেকে সাড়া দিয়া তাঁহাদের সেবা প্রদানের আগ্রহ ব্যক্ত করেন।

প্রেসিডেন্ট ঘোষণা করেন যে, একটি পথকলি ট্রাষ্ট গঠন করা হইবে। ইতিমধ্যে পথকলিদের জন্য ধোলাইখাল ও ফতুল্লায় দুইটি স্কুল চালু করা হইয়াছে। পথকলিদের জন্য তৃতীয় স্কুলটির নির্মাণ কাজ খুব শীঘ্রই সম্পন্ন হইবে বলিয়া আশা করা হইতেছে।

ডিএমসি প্রশাসক এম,এ, মালেক এমপি সমভিব্যাহারে প্রেসিডেন্ট এরশাদ আজিমপুর হইতে ফিরার পথে সায়েদাবাদ লেভেল ক্রসিং হইতে অভয়দাস লেন পর্যন্ত রাস্তা সম্প্রসারিত করার ডিএমসির উদ্যোগের প্রশংসা করেন। তিনি ডিএমসিকে এই সম্প্রসারণ কাজ দ্রুত সম্পন্ন করার নির্দেশ দেন।

অধিকার ট্রাষ্টের এডভোকেট রেজাউর রহমান পথকলি মেডিক্যাল সেন্টার উদ্বোধনের সময় উপস্থিত ছিলেন।